

## এইচএসসি পরীক্ষা ১ এপ্রিলেই শুরু

শিক্ষামন্ত্রী

### যুগান্তর রিপোর্ট

অবরোধের মধ্যে হরতালের কারণে এসএসসি পরীক্ষা পেছানো এইচএসসি পরীক্ষা ঘোষিত সূচি অনুযায়ীই হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। হরতাল হলে আগামী ১ এপ্রিল শুরু থেকে যাওয়া এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছানো হবে কি না— নোমবারণ-সংবাদিকদের এমন প্রশ্নে তিনি বলেন, আমরা এইচএসসি পরীক্ষার রুটিন প্রকাশ করেছি। সূচি অনুযায়ীই পরীক্ষা হবে, এর কোনো ব্যত্যয় হবে না। সূচি অনুযায়ী এইচএসসি পরীক্ষার বন্ড প্রকৃতি নিতে পরীক্ষার্থীদের প্রতি আহ্বান ও জানান তিনি।

গত ৫ জানুয়ারি লগ্নোতার অবরোধ ডাকার পর ফেব্রুয়ারি থেকে মাস্টাইক ছুটির দিনগুলো বাদে অন্য দিনগুলোতে হরতাল থেকে আসছে বিএনপি-নেতৃত্বাধীন ২০ দলীয় জোট। এর ফলে এসএসসি ও সমমানের সবগুলো পরীক্ষা পেছানো হয়। আগামী ১ এপ্রিল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়ে ১১ জুন পর্যন্ত তত্ত্বীয় পরীক্ষা চলায় কথা। অবরোধ-হরতালে চলতি এসএসসি ও সমমানের সবগুলো অর্থাৎ ১৬ দিনের ৩৬৮টি পরীক্ষা পেছানোর কথা হয় শিক্ষা-মন্ত্রণালয়। পরীক্ষাগুলো ছুটির দিনে শুরু ও শনিবার নেয়া হচ্ছে।